

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

সূত্র নং: ২৮.১৩.০০০০.০৪৩.০০১.১৯/৪৫

তারিখ: ০৮/১২/২০১৯ খ্রি:

প্রশাসন বিভাগ


দপ্তরাদেশ নং-৬৫/২০১৯

কোম্পানির নতুন আরএমএস নির্মাণ ও স্থাপন, ফেব্রিকেশন, বিদ্যমান আরএমএস মডিফিকেশন এবং রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত "মিটার স্থাপন/আরএমএস নির্মাণ গাইড লাইন" (হার্ডকপি সংযুক্ত ও কোম্পানির ওয়েব সাইটে আপলোডকৃত সফটকপি) অনুসরণের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসৃত হবে:

- ক) যে সকল আরএমএস-এ মিটারের অব্যবহিত পূর্বে এবং পরে Reducer/Expander স্থাপন করা আছে তা সকল মেটাবিবি এবং আবিবি এর ইএসএস শাখা কর্তৃক অনতিবিলম্বে পরিবর্তন করে প্রণীত গাইড লাইন অনুযায়ী মডিফিকেশন করতে হবে;
- খ) যে সকল গ্রাহকের মিটার বিকল হয়েছে এবং আরএমএস স্ট্যান্ডার্ড অনুযায়ী তৈরী হয়নি সে সকল গ্রাহকের মিটার পরিবর্তনের পূর্বে মেটাবিবি এবং আবিবি এর ইএসএস শাখা কর্তৃক অনতিবিলম্বে পরিবর্তন করে প্রণীত গাইড লাইন অনুযায়ী মডিফিকেশন করতে হবে;
- গ) নতুন আরএমএস তৈরীর ক্ষেত্রে প্রণীত গাইড লাইন অনুসরণ করে মেটাবিবি এবং আবিবি এর ইএসএস শাখা কর্তৃক নির্মাণ এবং স্থাপন করতে হবে;
- ঘ) মিটার ক্রয়ের ক্ষেত্রে টারবাইন মিটারের ইনলেটে Metallic Built-in integrated Flow Conditioner এবং Straightening Vane আছে কিনা এমইসি বিভাগ কর্তৃক তা নিশ্চিত করতে হবে;
- ঙ) যে সকল গ্রাহকের আরএমএস স্ট্যান্ডার্ড অনুযায়ী তৈরী হয়নি সে সকল গ্রাহকের মিটার পরিবর্তনের পূর্বে মেটাবিবি এবং আবিবি এর ইএসএস শাখা কর্তৃক অনতিবিলম্বে পরিবর্তন করে প্রণীত গাইড লাইন অনুযায়ী মডিফিকেশন করতে হবে;
- চ) মানব সম্পদ উন্নয়ন বিভাগ কর্তৃক আরএমএস ডিজাইন, স্থাপন ও রক্ষণাবেক্ষণ এর বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
- ছ) মডিফিকেশনকৃত আরএমএস এর মাসিক ভাড়া গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪ এর অনুচ্ছেদ-৫.৪ অনুযায়ী মেটাবিবি এবং আবিবি এর ইএসএস শাখা কর্তৃক পুনঃনির্ধারণ করতে হবে;
- জ) যে সকল গ্রাহকের গড় মিটারিং চাপ অনুমোদিত চাপের থেকে কম, সে সকল গ্রাহকের অনুমোদিত লোড যাতে মিটারের সর্বোচ্চ ক্ষমতার ৮৫% হয় সে দিকে লক্ষ্য রেখে মেটাবিবি এবং আবিবি এর ইএসএস শাখা কর্তৃক আরএমএস মডিফিকেশন করতে হবে;
- ঝ) মিটারের গ্যাস প্রবাহ হ্রাস বৃদ্ধি পাবে না এ ধরনের মিটার প্রটেক্টর এমইসি বিভাগ কর্তৃক ডিজাইন ও পরীক্ষা করতঃ ব্যবহার উপযোগী প্রটেক্টর ক্রয় করতে হবে;

২। ইত:পূর্বে জারিকৃত দপ্তরাদেশ নং-৪৬/২০১৮, তারিখ:১১/০৬/২০১৮ এতদ্বারা বাতিল করা হল।

৩। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।



(মো. মইনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক (প্রশাসন)